

স্মারক নং- ৫৮.০৩.৪০৮৭.০০৬.১৪.০৩০.১৮-৬১০


তারিখঃ ০১/০৭/২০২১ খ্রিঃ।


জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র (জুন/২০২১):

সাতক্ষীরা জেলায় ০৭(সাত)টি উপজেলার মধ্যে বর্তমান সাতক্ষীরা জেলা সদর, কালিগঞ্জ, কলারোয়া ও আশাশুনি উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর অফিসিয়াল সকল কার্যক্রম চলমান আছে। সাতক্ষীরা গণপূর্ত বিভাগ কর্তৃক ইতিমধ্যে তালা ও শ্যামনগর উপজেলায় ফায়ার স্টেশনের অন্যান্য স্থাপনা ও নির্মাণ কাজ চলমান আছে। দেবহাটা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের অনুকূলে প্রয়োজনীয় পদ সৃজন সহ ইতিমধ্যে ০১(এক)জন স্টেশন অফিসার, ০২(দুই)জন লিডার, ০৪(চার)জন ড্রাইভার ও ১৬(ষোল)জন ফায়ারফাইটার পদায়ন করা হয়েছে। উক্ত পদায়নকৃত জনবল সকলে যোগদান করেছেন কিন্তু উক্ত স্টেশনের কার্যক্রম চালু না হওয়ায় সকল জনবল বিভিন্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে সংযুক্ত আছেন। শ্যামনগর ফায়ার স্টেশনে ০১(এক) জন সাব অফিসার, ০২(দুই) জন লিডার, ০৪(চার) জন ড্রাইভার ও ১৩(তের)জন ফায়ারফাইটার পোস্টিং দেখানো হয়েছে। তারা বিভিন্ন ফায়ার স্টেশনে সংযুক্ত আছেন। বিভাগীয় দৈনন্দিন ও অন্যান্য সকল অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয়ে প্রেরণ করা হল।

জেলা প্রশাসক  
সাতক্ষীরা।

  
মোহাম্মদ তারেক হাসান ভূঁঞা  
উপ-সহকারী পরিচালক  
ফোন-০৪৭১-৬৩৪১৬

  
১/৭/২০২১